



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৫
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৭
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিগত ৩ বছরে নায়েম-এ বিভিন্ন পর্যায়ের ২৫ ধরনের প্রশিক্ষণ কোর্সের ১৭৪টি প্রশিক্ষণ ব্যাচের মাধ্যমে ৮,০৬০ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কোর্সের কনটেন্ট পরিমার্জনের জন্য ৩২টি কর্মশালার আয়োজন করা হয়েছে। ৫৭টি গবেষণাকর্ম সম্পাদন করা হয়েছে। বজাবন্ধু চত্বরে বজাবন্ধুর মুরাল নির্মাণ করা হয়েছে। পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালার আলোকে সকল অনুযায়ী সদস্য এবং কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও ১১জন কর্মকর্তা ও ৩জন কর্মচারীকে দেশের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে (বিপিএটিসি ও এনএপিডি ইত্যাদি) প্রশিক্ষণের জন্য পাঠানো হয়েছে। এ সময়ে ৫জন কর্মকর্তা বিদেশে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং ৮জন প্রশিক্ষক কর্মকর্তা প্রশিক্ষার্থীদের সঙ্গে শিক্ষা সফরে বিদেশ ভ্রমণ করেছেন। দেশের বিভিন্ন জেলায় স্যাটেলাইট মোডে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য পেশাগত মানোন্নয়ন কোর্স, ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য ইএলটি কোর্স ও গণিত বিষয়ের শিক্ষকগণের জন্য ম্যাথমেটিকস পেডাগজি কোর্স চালু রয়েছে। সম্প্রতি ৪টি প্রশিক্ষণ কক্ষ আধুনিকায়ন ও সুসজ্জিতকরণ করা হয়েছে। একটি পুরাতন ল্যাবে নতুন কম্পিউটার সংযোজন করা হয়েছে। পুরাতন বিজ্ঞান ভবনের ব্যাপক সংস্কার ও উন্নয়ন করে সেখানে সাতটি শ্রেণীকক্ষ প্রস্তুত করা হয়েছে এবং প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও আসবাবপত্র দ্বারা সুসজ্জিতকরণের ব্যবস্থা নেয়া হয়েছে। এর ফলে নায়েমের প্রশিক্ষণের সক্ষমতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। প্রশিক্ষণের গুনগতমান বৃদ্ধির লক্ষ্যে নতুন করে ৮জন নায়েম অনুযায়ী ল্যাপটপ প্রদান করা হয়েছে। এসিইএম ও এসএসসিইএম কোর্সের আওতায় আংশিক সরকারি অর্থায়নে বৈদেশিক শিক্ষাসফরে (নায়েম কর্মকর্তাসহ) ১৭৭জন প্রশিক্ষক/প্রশিক্ষার্থী ভারত, চীন, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, তুরস্ক, মিশর ও সিংগাপুর সফর করেছেন। এ সময়ে বুনিয়াদী প্রশিক্ষার্থীদের দ্বারা ইনোভেশন শোকেজিং করা হয়েছে। সিসিপের আওতায় মাঠপর্যায়ের কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ এবং প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের পিবিএম প্রশিক্ষণ কোর্সে ৫৩,২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নায়েম এর উল্লেখযোগ্য চ্যালেঞ্জসমূহ হলো : (১) প্রায় ২৪০০ জন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণে ব্যাকলগ দূরীকরণ; (২) প্রশিক্ষকবৃন্দের দক্ষতা বৃদ্ধির জন্য দেশীয় এবং বৈদেশিক প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধিকরণ; (৩) অন্যান্য ক্যাডার কর্মকর্তাদের মত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার-এর বুনিয়াদি প্রশিক্ষার্থীগণের মধ্যে মেধা তালিকায় শীর্ষস্থান অধিকারীদের বিদেশ সফরের সুযোগ তৈরীকরণ; (৪) এসএসসিইএম ও এসিইএম কোর্সের (বৈদেশিক) শিক্ষা সফরের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণ সরকারি অর্থ বরাদ্দের ব্যবস্থাকরণ; (৫) অতিবৃষ্টি-জনিত কারণে সৃষ্ট জলাবদ্ধতা দূরীকরণ এবং আবাসিক সংকট দূরীকরণে অবকাঠামো সংস্কার ও আধুনিকায়ন; (৬) অনলাইন মোডে চালুকৃত প্রশিক্ষণ কোর্স অব্যাহত রাখা ইত্যাদি।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

- ১। ভবিষ্যতে নায়েমের সক্ষমতা বৃদ্ধি করে দেশের শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান ও শিক্ষা গবেষণা কার্যক্রম পরিচালনা করা;
- ২। অনলাইন মোডে চালুকৃত প্রশিক্ষণ কোর্সগুলি অব্যাহত রাখা।

#### ২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২১০০ জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ প্রদান ও ১৬টি গবেষণাকর্ম সম্পাদনা;
- নায়েম অনুযায়ী সদস্যদের জন্য বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- প্রশাসনিক ভবন উর্ধ্বমুখি সম্প্রসারণ, শ্রেণীকক্ষ অধুনিকীকরণ, একটি নতুন ল্যাবজুয়েজ ল্যাব চালুকরণ এবং নতুন যানবাহন সংগ্রহ;
- জাতীয় পর্যায়ে শিক্ষা সম্মেলন ও গবেষণা ফলাফল বিস্তরণের লক্ষ্যে সভা/সেমিনার আয়োজন;
- প্রশিক্ষণের ফলপ্রসূতা যাচাইকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- অনলাইন মোডে চালুকৃত প্রশিক্ষণ কোর্সগুলি অব্যাহত রাখা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

২০৪১ সালের মধ্যে নায়েমকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উন্নীত করা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

গুণগত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ে পাঠদানরত শিক্ষক ও শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত করা।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন, মানবিক ও নৈতিক মূল্যবোধ বিকাশ ও দেশপ্রেমে উদ্বুদ্ধকরণ
২. ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন এবং ইনোভেশন শোকেজিং
৩. শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণে শিক্ষা গবেষণা ও প্রকাশনা
৪. প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং রূপকল্প বাস্তবায়ন

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. শিক্ষা সংক্রান্ত বিষয়ে ২৫ ধরনের প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণের তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা;
২. অব্যাহত উন্নয়নের লক্ষ্যে কমিটির মাধ্যমে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী। প্রশিক্ষণের শিক্ষাক্রম পরিমার্জন ও শিক্ষার উন্নয়নের জন্য ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন;
৩. শিক্ষাক্ষেত্রে নীতি নির্ধারণ ও সংস্কারে সহায়তা প্রদানের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা, নায়েম জার্নাল, নায়েম নিউজলেটার এবং প্রশিক্ষণ ম্যানুয়াল প্রকাশ;
৪. অন্যান্য দেশের সাথে শিক্ষার মান যাচাই ও মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত জ্ঞানার্জনের উদ্দেশ্যে বিভিন্ন দেশে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণকে শিক্ষা সফরে প্রেরণ;
৫. শিক্ষা প্রশাসনে সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নাগরিক সনদ, উদ্ভাবন ও জাতীয় শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন অনুযায়ী সেবা প্রদান ও অভিযোগ প্রতিকারের ব্যবস্থা করা।

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
বাংলাদেশের শিক্ষার গুণগতমান বৃদ্ধি	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রশাসনের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	সংখ্যা	২৩৬২ জন	১৮০৬ জন	২১০০ জন	৩৩০০ জন	৩৪০০ জন	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ২। অর্থ মন্ত্রণালয়, ৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ৫। সরকারি ও বেসরকারি কলেজ, ৬। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, ৭। জেলা শিক্ষা অফিস ও শিক্ষা সংশ্লিষ্ট দপ্তরসমূহ	১। প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, নায়েম,
শিক্ষাক্ষেত্রে গবেষণা ও প্রকাশনা	১। সম্পাদিত গবেষণা, ২। সেমিনার/ কর্মশালা, ৩। জার্নাল প্রকাশ, ৪। নিউজলেটার প্রকাশ	সংখ্যা	২২টি গবেষণা, ১৪টি সেমিনার, ১টি জার্নাল ও ৩টি নিউজলেটার	১৫টি গবেষণা, ১৫টি সেমিনার, ৩টি জার্নাল ও ৪টি নিউজলেটার	১৬টি গবেষণা, ১২টি সেমিনার, ২টি জার্নাল ও ৪টি নিউজলেটার	১৮টি গবেষণা, ১২টি সেমিনার, ২টি জার্নাল ও ৪টি নিউজলেটার	২০টি গবেষণা, ১২টি সেমিনার, ২টি জার্নাল ও ৪টি নিউজলেটার	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ২। অর্থ মন্ত্রণালয়, ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ঢাকা	গবেষণা ও তথ্যায়ন বিভাগ, নায়েম

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন ও প্রশিক্ষণ শিক্ষাক্রম পরিমার্জন	১। প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন; ২। প্রশিক্ষণ শিক্ষাক্রম পরিমার্জনের জন্য সেমিনার/কর্মশালা অয়োজন; ৩। কর্মপরিকল্পনা প্রণয়ন, এপিএ, এসডিজি ও রূপকল্প বাস্তবায়ন।	সংখ্যা	প্রশিক্ষণ ক্যালেন্ডার-১টি এবং সেমিনার/ওয়ার্কশপ- ১২টি	প্রশিক্ষণ ক্যালেন্ডার-১টি এবং সেমিনার/ওয়ার্কশপ- ১২টি	প্রশিক্ষণ ক্যালেন্ডার-১টি এবং সেমিনার/ওয়ার্কশপ- ২০টি	প্রশিক্ষণ ক্যালেন্ডার-১টি এবং সেমিনার/ওয়ার্কশপ- ২০টি	প্রশিক্ষণ ক্যালেন্ডার-১টি এবং সেমিনার/ওয়ার্কশপ- ২০টি	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ঢাকা	১। পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, নায়েম; ২। প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, নায়েম; ৩। গবেষণা ও তথ্যায়ন বিভাগ, নায়েম।
দেশে বিদেশে শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষা সফরে প্রশিক্ষণার্থী প্রেরণ ও সহযোগিতা/সমঝোতা	১। শিক্ষা সফরে প্রশিক্ষণার্থী প্রেরণ; ২। বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন।	সংখ্যা	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী প্রেরণ-১৫৮ জন ও সফল যোগাযোগ স্থাপন-২টি	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী প্রেরণ-সম্ভব হয়নি িএবং সফল যোগাযোগ স্থাপন- ৪টি	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী প্রেরণ-৮০ জন এবং সফল যোগাযোগ স্থাপন-৪টি	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী প্রেরণ-১৫০ জন এবং সফল যোগাযোগ স্থাপন- ৫টি	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী প্রেরণ-১৬০ জন এবং সফল যোগাযোগ স্থাপন- ৬টি	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ২। অর্থ মন্ত্রণালয় ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ঢাকা	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, নায়েম

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা



কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন, মানবিক ও নৈতিক মূল্যবোধ বিকাশ ও দেশপ্রেমে উদ্বুদ্ধকরণ	২৪	[১.১] মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	[১.১.১] শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান (স্কুল, কলেজ, মাদরাসা ও ডিইও)	সমষ্টি	সংখ্যা	৪	৩১৫	২২৫	২২০	২০০	১৮০	১৬৫	১৫০	৩০০	৩৫০
			[১.১.২] বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	৪	৪৩৯	৫৮০	৬২০	৫৮০	৫৬০	৫৩০	৫০০	৮০০	৮০০
			[১.১.৩] মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	৩	১০৪৮	৬১০	৭২০	৭০০	৬৭০	৬৫০	৬০০	৯০০	৯৫০
			[১.১.৪] কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	৩	১৭৫	২২৫	২০০	১৮০	১৫৫	১৪০	১২০	৩০০	৩২০
			[১.১.৫] এসএসসিইএম প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	২	৭৯	৬২	৭০	৬০	৫০	৪০	৩০	১০৫	১১০
			[১.১.৬] এসিইএম প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	২	৭৯	৫০	৭০	৬০	৫০	৪০	৩০	১০৫	১১০
			[১.১.৭] আইসিটি প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	সংখ্যা	২	২২৭	২২৫	২০০	১৮০	১৬০	১৪০	১৩০	২৭০	৩০০
		[১.২] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষা সফর ও সহযোগিতা বৃদ্ধি	[১.২.১] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীসহ শিক্ষা সফর	সমষ্টি	সংখ্যা	২	১৮৮	০	৮০	৭০	৬০	৫০	৪০	২২০	২২০
			[১.২.২] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে শিক্ষা সংক্রান্ত বিষয়ে সমঝোতা / সহযোগিতা বৃদ্ধি	সমষ্টি	সংখ্যা	২	৬	৪	৪	৩	২	১	০	৫	৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[২] ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন এবং ইনোভেশন শোকেজিং	২০	[২.১] প্রশিক্ষণ কারিকুলাম পরিমার্জন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.১.১] প্রশিক্ষণ কারিকুলাম পরিমার্জন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	সমষ্টি	সংখ্যা	৪	৬	৭	৪	৩	৩	২	১	৬	৭
		[২.২] প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.২.১] এসএসসিইএম এবং এসিইএম প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার	সমষ্টি	সংখ্যা	২	৪	২	২	২	১	১	০	৪	৪
		[২.৩] গবেষণা সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (গবে: ও তথ্যা: বিভাগ)	[২.৩.১] গবেষণা সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	সমষ্টি	সংখ্যা	৬	১২	১৫	১২	১০	৮	৬	৫	১২	১২
		[২.৪] প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন ও রূপকল্প বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (পরি: ও উন্ন: বিভাগ)	[২.৪.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন ও রূপকল্প বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	সমষ্টি	সংখ্যা	২	১	১	২	২	১	১	০	৩	৩
		[২.৫] নায়ম এর সেবার মান বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (প্রশা: ও অর্থ বিভাগ)	[২.৫.১] নায়ম এর সেবার মান বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	সমষ্টি	সংখ্যা	৩	১	০	৩	২	১	১	০	৩	৪
		[২.৬] দেশের শিক্ষার মানোন্নয়নে জাতীয় / আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন / কনফারেন্স আয়োজন। (গবে: ও তথ্যা: বিভাগ)	[২.৬.১] দেশের শিক্ষার মানোন্নয়নে জাতীয় / আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন / কনফারেন্স আয়োজন	সমষ্টি	সংখ্যা	১	০	০	১	১	০	০	০	১	১
		[২.৭] বুনিয়াদী প্রশিক্ষণার্থীদের মাধ্যমে ইনোভেশন শোকেজিং প্রোগ্রাম বাস্তবায়ন (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.৭.১] বুনিয়াদী প্রশিক্ষণার্থীদের মাধ্যমে ইনোভেশন শোকেজিং প্রোগ্রাম আয়োজন	সমষ্টি	সংখ্যা	২	০	০	২	২	১	১	০	৩	৪

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণে শিক্ষা গবেষণা ও প্রকাশনা	১৬	[৩.১] শিক্ষা এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা	[৩.১.১] সম্পাদিত গবেষণা	সমষ্টি	সংখ্যা	১২	২২	১৫	১৬	১৩	১২	১০	৯	১৮	২০
		[৩.২] শিক্ষা ও গবেষণা সংক্রান্ত প্রকাশনা	[৩.২.১] নায়েম নিউজলেটার প্রকাশ	সমষ্টি	সংখ্যা	২	৩	৪	৪	৩	২	১		৪	৪
			[৩.২.২] নায়েম জার্নাল প্রকাশ	সমষ্টি	সংখ্যা	২	১	৩	২	২	১	১		২	২
[৪] প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং রূপকল্প বাস্তবায়ন	১০	[৪.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং এপিএ, এসডিজি ও রূপকল্প বাস্তবায়ন	[৪.১.১] ট্রেনিং ক্যালেন্ডার প্রণয়ন	তারিখ	তারিখ	৭			৩১.০৫.২২	৩০.০৬.২২	৩০.০৭.২২	৩০.০৮.২২	৩০.০৯.২২	৩১.০৫.২৩	৩১.০৫.২৪
			[৪.১.২] বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন	তারিখ	তারিখ	১			২৯.০৭.২১	৩১.০৮.২১	১৫.০৯.২১	৩০.০৯.২১	২০.১০.২১	৩১.০৭.২২	৩১.০৭.২৩
			[৪.১.৩] এসডিজি বাস্তবায়ন প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	১			১					১	১
			[৪.১.৪] রূপকল্প বাস্তবায়ন (ইশতেহার) প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	১			১					১	১

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

\*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....  
মহাপরিচালক  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি

.....  
তারিখ

.....  
সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

.....  
তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ইএএম	এডুকেশনাল এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট
২	ইএলটি	ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং
৩	এপিএ	এ্যানুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট
৪	এফটিসি	ফাউন্ডেশন ট্রেনিং কোর্স
৫	এসএসসিইএম	সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন এন্ড ম্যানেজমেন্ট
৬	এসিইএম	এ্যাডভান্স কোর্স অন এডুকেশন এন্ড ম্যানেজমেন্ট
৭	নায়েম	ন্যাশনাল একাডেমি ফর এডুকেশন্যাল ম্যানেজমেন্ট

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	[১.১.১] শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান (স্কুল, কলেজ, মাদরাসা ও ডিইও)	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.২] বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.৩] মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.৪] কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.৫] এসএসসিইএম প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.৬] এসিইএম প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
	[১.১.৭] আইসিটি প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	প্রতিবেদন/প্রশিক্ষণার্থী তালিকা
[১.২] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষা সফর ও সহযোগিতা বৃদ্ধি	[১.২.১] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীসহ শিক্ষা সফর	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	অফিস আদেশের কপি
	[১.২.২] দেশে ও বিদেশে স্বনামধন্য শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে শিক্ষা সংক্রান্ত বিষয়ে সমঝোতা / সহযোগিতা বৃদ্ধি	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	সমঝোতা স্মারক/পত্র/অফিস আদেশের কপি
[২.১] প্রশিক্ষণ কারিকুলাম পরিমার্জন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.১.১] প্রশিক্ষণ কারিকুলাম পরিমার্জন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	অফিস আদেশ ও উপস্থিতি
[২.২] প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.২.১] এসএসসিইএম এবং এসিইএম প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	অফিস আদেশ/উপস্থিতি
[২.৩] গবেষণা সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (গবে: ও তথ্যা: বিভাগ)	[২.৩.১] গবেষণা সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	অফিস আদেশ ও উপস্থিতি
[২.৪] প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন ও রূপকল্প বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (পরি: ও উন্ন: বিভাগ)	[২.৪.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন ও রূপকল্প বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ	অফিস আদেশ ও উপস্থিতি
[২.৫] নায়েম এর সেবার মান বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন (প্রশা: ও অর্থ বিভাগ)	[২.৫.১] নায়েম এর সেবার মান বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	প্রশাসন ও অর্থ বিভাগ	অফিস আদেশ ও উপস্থিতি
[২.৬] দেশের শিক্ষার মানোন্নয়নে জাতীয় / আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন / কনফারেন্স আয়োজন। (গবে: ও তথ্যা: বিভাগ)	[২.৬.১] দেশের শিক্ষার মানোন্নয়নে জাতীয় / আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন / কনফারেন্স আয়োজন	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	অফিস আদেশ ও প্রতিবেদন
[২.৭] বুনিয়াদী প্রশিক্ষণার্থীদের মাধ্যমে ইনোভেশন শোকেজিং প্রোগ্রাম বাস্তবায়ন (প্রশি: ও বাস্ত: বিভাগ)	[২.৭.১] বুনিয়াদী প্রশিক্ষণার্থীদের মাধ্যমে ইনোভেশন শোকেজিং প্রোগ্রাম আয়োজন	প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ	অফিস আদেশ ও প্রতিবেদন/ছবি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.১] শিক্ষা এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা	[৩.১.১] সম্পাদিত গবেষণা	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	প্রতিবেদন
[৩.২] শিক্ষা ও গবেষণা সংক্রান্ত প্রকাশনা	[৩.২.১] নায়েম নিউজলেটার প্রকাশ	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	নিউজলেটারের কপি
	[৩.২.২] নায়েম জার্নাল প্রকাশ	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	জার্নালের কপি
[৪.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং এপিএ, এসডিজি ও রূপকল্প বাস্তবায়ন	[৪.১.১] ট্রেনিং ক্যালেন্ডার প্রণয়ন	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ	ট্রেনিং ক্যালেন্ডারের কপি
	[৪.১.২] বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ	কর্মপরিকল্পনার কপি
	[৪.১.৩] এসডিজি বাস্তবায়ন প্রতিবেদন	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ	বাস্তবায়ন প্রতিবেদন
[৪.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং এপিএ, এসডিজি ও রূপকল্প বাস্তবায়ন	[৪.১.৪] রূপকল্প বাস্তবায়ন (ইশতেহার) প্রতিবেদন	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ	বাস্তবায়ন প্রতিবেদন



### সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর	পত্র মারফত যোগাযোগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	এসএসসিইএম প্রশিক্ষণ প্রদান	মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর	পত্র মারফত যোগাযোগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	এসিইএম প্রশিক্ষণ প্রদান	মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর	পত্র মারফত যোগাযোগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা	পত্র মারফত যোগাযোগ/যৌথ সভা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া	পত্র মারফত যোগাযোগ/যৌথ সভা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)	পত্র মারফত যোগাযোগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি	পত্র মারফত যোগাযোগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান	বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান	বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)	পত্র মারফত যোগাযোগ

### সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ